

১৯

খুবির নবীন শিক্ষার্থীদের ক্লাস শুরু নিয়ে অনিশ্চয়তা

খবি প্রতিনিধি



খুলনা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তি হওয়া নবীন শিক্ষার্থীদের ক্লাস শুরু নিয়ে অনিশ্চয়তা কাটেনি। ক্লাস শুরুর জন্য নতুন একাডেমিক ভবন তৈরি না হওয়ায় নির্দিষ্ট সময়ে ক্লাস শুরু করার ব্যাপারে এ অনিশ্চয়তা দেখা দিয়েছে। জানা গেছে, বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে পাঁচটি স্কুলের অধীনে ১৬টি

একাডেমিক ভবনের ক্লাসরুমগুলোকে দু'-তিনটি করে ভাগ করে নতুন ক্লাসরুম তৈরি করা হয়েছিল। এমনকি করিডোরের খালি জায়গায় ক্লাসরুম তৈরি করা হয়েছে। কিন্তু দীর্ঘদিন ধরে তৃতীয় একাডেমিক ভবন নির্মাণের কথা শোনা গেলেও এখন পর্যন্ত অর্থের অভাবে নতুন ভবন নির্মাণ হয়নি। বর্তমানে রুম সফটের কারণে অধ্যয়নরত শিক্ষার্থীদের নানা ভোগান্তিতে পড়তে হচ্ছে। তারপরও প্রথম বর্ষে নতুন ব্যাচ আসায় তাদের ক্লাস শুরুর জন্য পর্যাপ্ত রুম না থাকায় নবীনদের ক্লাস শুরু নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

ডিসিপিএন চালু আছে। এসব ডিসিপিএনে ম্লাডক ও ম্লাডকোত্তর

শুরে বর্তমানে সাড়ে চার হাজার ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। মাত্র দুটি চারতলা একাডেমিক ভবনে সব ক্লাস ও একাডেমিক কার্যক্রম চলছে। এ দুটি ভবনে পর্যাপ্তসংখ্যক রুম না থাকায় দীর্ঘদিন ধরে নানা সমস্যার মধ্য দিয়ে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চলছে। ২০০১ সালে নতুন ব্যাচের ছাত্রছাত্রীদের ক্লাস শুরু করতে ক্লাসরুমের অভাবে ভর্তির পর ১০ মাস অপেক্ষা করে তারপর ক্লাস শুরু হয়। ওই সময় বিশ্ববিদ্যালয়ের

ক্লাসরুম সফট

প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ফেব্রুয়ারির মাঝামাঝি থেকে শুরু হওয়ার কথা থাকলেও রুম সমস্যার কারণে তা আদৌ সম্ভব হবে কি না তা নিয়ে অনিশ্চয়তা রয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়, নতুন একাডেমিক ভবনসহ বিভিন্ন উন্নয়ন কাজের জন্য সরকার ১৭ কোটি টাকা অনুমোদন দিলেও তা এখনো ছাড় না হওয়ায় নতুন ভবন তৈরি করা যাচ্ছে না।

এ ব্যাপারে কয়েকজন শিক্ষক জানান, ২০০৬-০৭ শিক্ষাবর্ষে